দৈনিক বাংলা

তারিখ ... ৩১।১।৮৫ ... ...
পৃষ্ঠা... .. ৪.. কলাম ..৫... ...

071

# জাতীয় প্রশিক্ষণ পরিষদ কমিটি গঠিত

সরকার শিল্প ও বাণিজ্যমন্ত্রী জনাব শফিউল আজমকে চেয়ারম্যান করে ১২ সদস্যের একটি জাতীয় প্রশিক্ষণ পরিষদ কমিটি গঠন করেছেন।

এক তথ্য বিবরণীতে জানান হয়, পরিষদের অন্যান্য সদস্য হচ্ছেন সংস্থাপন ও পুনর্গঠন মন্ত্রী, কৃষিমন্ত্রী, বহিঃসম্পদ বিভাগের সচিব, শিক্ষাসচিব, অর্থ বিভাগের সচিব, স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ সচিব, সামরিক প্রশিক্ষণ পরিচালক, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রকল্প পরিচালক/রেক্টর এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান।

সংস্থাপন ও পুনর্গঠন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ও পেশা পরিকল্পনা শাখার অতিরিক্ত সচিব কমিটির সদস্য সচিব হিসেবে কাজ করবেন।

কমিটির কাজ হবে পরিষদের যেসব বিষয় আশু নিষ্পত্তি হওয়া দরকার সেগুলো নিষ্পত্তি করা; পরিষদের বৈঠকে পেশ করার আগে সকল বিষয় পরীক্ষা করে দেখা এবং পরিষদ কর্তৃক অর্পিত হতে পারে এমন যাবতীয় দায়িত্ব পালন করা।